সমকাল

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 9 ...

### ফেসবুকে ধর্মবিদ্বেষী পোস্ট

# গজারিয়ায় স্কুল ঘেরাও শিক্ষক সাসপেন্ড

**■ গজারিয়া (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

মুন্সীগঞ্জের গজারিয়া মডেল উচ্চ বালিকা বিদ্যালয়ের ইংরেজি শিক্ষক এটিএ কৃষ্ণকান্ত মণ্ডলের ফেসবুক আইডি থেকে ইসলামবিরোধী পোস্ট শেয়ার ও অন্যদের ইনবক্সে পাঠানোর ঘটনা ঘটেছে। এ ঘটনায় গতকাল রোববার স্থানীয়রা ওই বিদ্যালয় ঘেরাও করে বিক্ষোভ করেন। পরে স্কুল কর্তৃপক্ষ শিক্ষক কৃষ্ণকান্তকে সাময়িক বরখাস্ত (সাসপেন্ড) করে এ বিষয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।

পুলিশ, স্থানীয় ও বিদ্যালয় পরিচালনা কমিটি সূত্রে জানা যায়, সম্প্রতি কৃষ্ণকান্ত মণ্ডল তার নিজ ফেসবুক আইডিতে কৃপা সিন্ধু মহারাজের আইডি থেকে ইসলামবিদ্বেষী একটি পোস্ট শেয়ার করেন। এ ছাড়া পোস্টটি তিনি পরিচিত কয়েকজন শিক্ষক ও শিক্ষার্থীর ইনবক্সেও পাঠান। গতকাল বিষয়টি জানাজানি হলে শিক্ষার্থীসহ স্থানীয়রা বিদ্যালয় ঘেরাও করেন। এর পরিপ্রেক্ষিতে বিদ্যালয় পরিচালনা কমিটি বিষয়টি পুলিশকে জানায়। পরে কৃষ্ণকান্ত মণ্ডলের ব্যবহৃত মোবাইল ফোনটি জব্দ করে পুলিশ।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ আহম্মেদ জানান, অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় বিদ্যালয় পরিচালনা কমিটি তাৎক্ষণিক সভা করে কৃষ্ণকান্ত মণ্ডলকে সাসপেন্ড করেছে। এ ছাড়া সহকারী প্রধান শিক্ষক মো. রবিউল ইসলামকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদনের পর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গজারিয়া উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. জাকির হোসেন জানান, বিদ্যালয় পরিচালনা কমিটি ও স্থানীয় প্রশাসনকে ওই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়েছে। তবে কৃষ্ণকান্ত তার বিরুদ্ধে থাকা অভিযোগ স্বীকার করে লিখিত মুচলেকা দিয়ে প্রকাশ্যে জনতার কাছে ক্ষমা চেয়েছেন।

গজারিয়া পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ মো. আরশেদ আলী জানান, কৃষ্ণকান্তের মোবাইল ফোন জব্দ করা হয়েছে। বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার পর প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর